

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
অডিট শাখা
www.mefwd.gov.bd

নং: ৫৯.০০.০০০০.১২৪.০১.০৮১.১৮. ৫০৫

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪৩১
২৭ নভেম্বর ২০২৪

বিষয়: অডিট ছাড়পত্রের প্রস্তাব প্রেরণ সংক্রান্ত।

সূত্র: (১) এ বিভাগের অডিট শাখার স্মারক নং- ৫৯.০০.০০০০.১২৪.০১.০৮১.১৮.৬৮১; তারিখ: ১১.১২.২০২৩ খ্রি.
(২) এ বিভাগের অডিট শাখার স্মারক নং- ৫৯.০০.০০০০.১২৪.০১.০৮১.১৮.৪৫৭; তারিখ: ২৪.০৬.২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ বিভাগের নিয়ন্ত্রণাধীন সকল অধিদপ্তর, দপ্তর ও সংস্থার অবসর গ্রহণকারী ১ম শ্রেণির কর্মকর্তাদের অডিট অনাপত্তি সংক্রান্ত ছাড়পত্র দ্রুততার সহিত নিষ্পত্তির লক্ষ্যে প্রনীত চেকলিস্ট (কপি সংযুক্ত) অনুযায়ী প্রস্তাব প্রেরণের জন্য সূত্রস্ম (১) ও (২) নং স্মারকের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়। অধিদপ্তর/সংস্থা হতে প্রায়ই চেকলিস্ট অনুযায়ী প্রয়োজনীয় সকল কাগজাদি অগ্রায়নপত্রের সাথে প্রেরণ করা হয় না।

০২। বিভিন্ন জেলা হিসাব রক্ষণ অফিস/উপজেলা হিসাব রক্ষণ অফিস হতে অবসর গমনকারীদের ইএলপিসি প্রদান করা হয়। এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা বিশেষভাবে পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকার অধীনস্থ প্রথম শ্রেণির কর্মকর্তাদের অডিট ছাড়পত্র প্রদানের নিমিত্তে ইএলপিসি মঞ্জুরের ক্ষেত্রে জেলা হিসাব রক্ষণ অফিস/উপজেলা হিসাব রক্ষণ অফিস হতে একই কর্মকর্তার ভিন্ন ভিন্ন সময়ে ভিন্ন ভিন্ন তথ্য সম্বলিত ইএলপিসি প্রদান করা হয়।

০৩। কর্মকর্তাদের ইএলপিসিতে উচ্চতর গ্রেড জনিত বেতন-ভাতাদি বাবদ অতিরিক্ত গৃহীত অর্থের তথ্য প্রদান করা হয় এবং সে অনুযায়ী অতিরিক্ত গৃহীত অর্থের বিপরীতে কর্তন বিবরণীও প্রদান করা হয়। তবে অধিকাংশ ক্ষেত্রেই কর্তন বিবরণীতে লাম্পগ্র্যান্ট বাবদ অতিরিক্ত অর্থ গ্রহণের বিষয়ে তথ্য প্রদান করা হয় না। এছাড়া, কর্মকর্তাদের সর্বশেষ উচ্চতর গ্রেড প্রাপ্তির আদেশের ভিত্তিতে বেতন নির্ধারণী পত্র বা পে-ফিক্সেশন প্রেরণ করা হলেও তা হিসাব রক্ষণ কর্মকর্তার স্বাক্ষর ছাড়াই প্রেরণ করা হয়। এসবের ফলে কর্মকর্তাদের অডিট ছাড়পত্র প্রদান এবং পেনশন মঞ্জুরের ক্ষেত্রে জটিলতা তৈরিসহ আবেদনকারী হযরানির শিকার হচ্ছে ও তৎসংশ্লিষ্ট কার্যাদি সম্পাদনে অহেতুক সময় ক্ষেপন হচ্ছে।

০৪। এমতাবস্থায়, এ বিভাগের আওতাধীন সকল অধিদপ্তর, দপ্তর ও সংস্থার অবসর গমনকারী প্রথম শ্রেণির কর্মকর্তাদের অডিট ছাড়পত্রের প্রস্তাব প্রনীত চেকলিস্ট অনুযায়ী প্রদানসহ বিভিন্ন জেলা হিসাব রক্ষণ অফিস/উপজেলা হিসাব রক্ষণ অফিসের সাথে সংশ্লিষ্ট পূর্ণাঙ্গ তথ্য সম্বলিত কাগজাদি স্ব স্ব অধিদপ্তর/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান এর মাধ্যমে যথাযথভাবে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/

(নাজমা সিদ্দিকা বেগম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০০৬৫৪
mefwdaudit@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট), ১৩/১ শেখ সাহেব বাজার, আজিমপুর, ঢাকা
- ৪। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা

নং: ৫৯.০০.০০০০.১২৪.০১.০৮১.১৮. ৫০৫

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪৩১
২৭ নভেম্বর ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, হিসাব ভবন, ঢাকা
- ২। অতিরিক্ত সচিব (আ:ব্য: ও অডিট), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। যুগ্মসচিব (আর্থিক ব্যবস্থাপনা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫। প্রোগ্রামার, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

(নাজমা সিদ্দিকা বেগম)
সিনিয়র সহকারী সচিব